

শিক্ষা প্রকল্প থেকে অন্য ক্যাডার কর্মকর্তাদের অপসারণের দাবী

৪১ জন উপসচিবকে শিক্ষা সংগৃহীত বিভিন্ন অফিসে পদায়নের উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়। সোমবার ১২ জন শিক্ষা ক্যাডার কর্মকর্তাকে প্রত্যাহার করে এক আদেশ জারির মাধ্যমে সেখানে ১২ জন উপসচিবকে নিয়োগ দেয়া হয়। উক্ত আদেশ বাতিলের দাবিতে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ২০ সদস্যের প্রতিনিধি দল মঙ্গলবার সকালে শিক্ষামন্ত্রী ডঃ এম এনমাম ফারুককে সাথে সাক্ষাৎ করেন। সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ কফিল উদ্দিন, মহাসচিব আইকে সেলিম উল্লাহ খোন্দকার, যুগ্ম মহাসচিব নাসরিন বেগম, ঢাকাস্থ বিভিন্ন কলেজের অধ্যক্ষসহ সমিতির অন্যান্য কেন্দ্রীয় নেতা এসময় উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দ শিক্ষা সংগৃহীত সকল অফিস যথা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর, বিজ্ঞান জাদুঘর, ইউনেস্কো কমিশন, বিভিন্ন শিক্ষা প্রকল্প থেকে অন্য ক্যাডার কর্মকর্তাদের অপসারণ দাবি করেন। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও নায়েমের মহাপরিচালকের শূন্য পদ অবিলম্বে পূরণের অনুরোধ করেন। মন্ত্রী মহোদয় বিষয়টি বিবেচনার আশ্বাস দেন। - প্রেস বিজ্ঞপ্তি